

## মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষ্যে জেলা প্রশাসনের গৃহীত কর্মসূচি

রাজশাহী, ২৯ অগ্রহায়ণ (১৪ ডিসেম্বর):

১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস। দিবসটি যথাযোগ্য মর্যাদা ও ভাব-গাভীরের সাথে উদযাপনের লক্ষ্যে রাজশাহী জেলা প্রশাসন বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে।

এদিন সূর্যোদয়ের সাথে সাথে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন ও জেলা পুলিশ লাইন্সে ৩১ বার তোপধ্বনির মাধ্যমে দিবসটির কার্যক্রম শুরু হবে।

সকাল ৮ টায় জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে করোনাকালীন স্বাস্থ্যবিধি মেনে সীমিত পরিসরে শহিদ স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ ও একই স্থানে সকাল সোয়া ৮ টায় বিভাগীয় কমিশনার আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন করবেন।

সকাল ১০ টায় জেলা শিল্পকলা একাডেমি ও বাংলাদেশ শিশু একাডেমি রাজশাহীতে দেশাত্মবোধক সংগীত প্রতিযোগিতা, আলোচনা সভা, পুরস্কার বিতরণ ও সাংস্কৃতিক পরিবেশনা অনুষ্ঠিত হবে। সুবিধামত সময়ে সকল শিক্ষা প্রতিষ্ঠান অনলাইন, ই-মেইল অথবা ডাকযোগে রচনা প্রতিযোগিতার আয়োজন করবে। এছাড়া অনলাইন সুবিধা সম্পন্ন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ভার্চুয়ালি মুক্তিযুদ্ধ বিষয়ক বিভিন্ন অনুষ্ঠান আয়োজন করা হবে।

হাসপাতাল, জেলখানা, সরকারি শিশুসদন, শিশু একাডেমি, বৃদ্ধাশ্রম, ছোটমনি নিবাস, অন্ধ-মূক ও বধির বিদ্যালয়, সেফ হোম, এসওএস, শিশু পল্লী, শিশু বিকাশ কেন্দ্র, বেসরকারি এতিমখানায় এদিন সংশ্লিষ্ট কর্তৃপক্ষ উন্নতমানের খাবার পরিবেশন করবেন।

স্বাস্থ্যবিধি মেনে সীমিত পরিসরে বিভিন্ন মসজিদে বাদ জোহর ও অন্যান্য উপাসনালয়ে সুবিধামত সময়ে শহিদ মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত, যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের সুস্বাস্থ্য এবং দেশ ও জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে বিশেষ মোনাজাত ও প্রার্থনা অনুষ্ঠিত হবে।

সংশ্লিষ্ট কর্তৃপক্ষের ব্যবস্থাপনায় ১৫ ও ১৬ ডিসেম্বর (উভয় দিন) সন্ধ্যায় শহরের গুরুত্বপূর্ণ সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবনসমূহে আলোকসজ্জা করা হবে।

১৬ ডিসেম্বর শহরের প্রধান প্রধান সড়ক ও সড়ক দ্বীপ এবং বিভিন্ন স্থাপনা জাতীয় পতাকাসহ বিভিন্ন পতাকা দ্বারা সজ্জিত থাকবে।

